উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ
www.bhairab.kishoreganj.gov.bd

মে ২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | |
|---|---|
| সভাপতি: | জনাব মোঃ সায়দুল্লাহ্ মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার স্থান: | উপজেলা পরিষদ সভাকক্ষ (২য় তলা), ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার সূচি: | বৃহস্পতিবার, ৩১ মে ২০২২; বেলা ১২:৩০ ঘটিকা |
| সভার উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নির্ধারিত কার্যসূচি অনুযায়ী সাধারণ সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে উপজেলা পরিষদে ন্যস্ত বিভিন্ন দপ্তরের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ভৈরব উপজেলায় কোভিড-১৯ করোনা ভাইরাসে সর্বমোট নমুনা সংগ্রহ ১২,৫৪৭ জন। মোট সনাক্ত রুগী ২৪০০ জন এর মধ্যে সুস্থ্য হয়েছে ২,৩৫০ জন, মৃত্যু হয়েছে ৪৫ জন। ভ্যাক্সিন কার্যক্রম রেজিস্ট্রেশন ১,১১,৫৮৯ জন। ১ম ডোজ পেয়েছে ৮৭,১১৬ জন। ২য় ডোজ পেয়েছে ৫০,৬০১ জন। কোভিড-১৯ সচেতনতামূলক সভা, সেমিনার, ব্যানার, হ্যান্ডবিল ও মাস্ক বিতরণ কর্মসূচি চলছে। প্রবাসীগণ যারা দেশে আসবেন তারা বাধ্যতামূলকভাবে ০৭দিনের হোম কোরান্টাইন থাকার জন্য অনুরোধ করা হয়।<br><br>বিভিন্ন ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে জমি সংগ্রহ ও ক্লিনিক স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | কোভিড-১৯ বিস্তার রোধে প্রবাসীগণ যারা দেশে আসবেন তারা বাধ্যতামূলকভাবে ০৭ দিনের হোম কোরান্টাইন থাকার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>কমিউনিটি ক্লিনিক স্থাপনের জমি প্রদানের জন্য চেয়ারম্যান ইউপি (সকল)কে অনুরোধ করা হয়। | ▫ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>▫ চেয়ারম্যান ইউপি (সকল)<br>▫ সংশ্লিষ্ট সকল |
| ২. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, করোনা পরিস্থিতির মধ্যে তার দপ্তরের মাঠকর্মীবৃন্দ তাদের স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রাসায়নিক সারের কোন প্রকার সংকট নাই। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | মৎস্য অধিদপ্তর, ভৈরব<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ভৈরবে মোট ৩০৩৩ জন নিবন্ধিত জেলে রয়েছে। নতুন জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের কার্যক্রম চালু রয়েছে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের আওতায় খামার স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। চিংড়ী ও অন্যান্য মাছে অপদ্রব্য | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ সি. উপজেলা মৎস্য কর্মকর্তা |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মিশ্রিত করার বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়েছে। তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ৫. | প্রাণিসম্পদ অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৬. | স্থানীয় সরকার বিভাগ<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ভৈরব<br>১. ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ▫ চেয়ারম্যান ভৈরব উপজেলা পরিষদ<br>▫ উপজেলা নির্বাহী অফিসার<br>▫ উপজেলা প্রকৌশলী |
| | ২. জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের INF ২০২০-২১-৩০৪৮১১-০১ আগানগর ইউনিয়নের গকুলনগর বাজার ও বেপারী মোড়ে জলাবদ্ধতা দূরীকরণে আরসিসি ড্রেণ নির্মাণ করা হয়। যার নীট বিল ২৭,৯৮,৯৬২/- টাকা মাত্র এবং ভ্যাট ২,৩৪,৫৫০/- আয়কর ৯৩,৮২০/- সর্বমোট বিল ৩১,২৭,৩৩২/- টাকা মাত্র প্রদানের আলোচনা করা হয়। | আগানগর ইউনিয়নের গকুলনগর বাজার ও বেপারী মোড়ে জলাবদ্ধতা দূরীকরণে আরসিসি ড্রেণ নির্মাণ করা হয়। যার নীট বিল ২৭,৯৮,৯৬২/- টাকা মাত্র এবং ভ্যাট ২,৩৪,৫৫০/- আয়কর ৯৩,৮২০/- সর্বমোট বিল ৩১,২৭,৩৩২/- টাকা মাত্র সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৩. জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের INF ২০২০-২১-৩০৪৮১১-০২ ভৈরব উপজেলাধীন প্রাণিসম্পদ অফিসে উর্দ্ধমুখী সম্প্রাসারণের মাধ্যমে ভেটেরিনারী মিনি ডায়াগনেস্টিক ল্যাবরেটরি নির্মাণ। যার নীট বিল ১৫,০৭,২১৮/- টাকা মাত্র এবং ভ্যাট ১,২৬,৩০৪/- আয়কর ৫০,৫২২/- সর্বমোট বিল ১৬,৮৪,০৪৪/- টাকা মাত্র প্রদানের আলোচনা করা হয়। | ভৈরব উপজেলাধীন প্রাণিসম্পদ অফিসে উর্দ্ধমুখী সম্প্রাসারণের মাধ্যমে ভেটেরিনারী মিনি ডায়াগনেস্টিক ল্যাবরেটরি নির্মাণ। যার নীট বিল ১৫,০৭,২১৮/- টাকা মাত্র এবং ভ্যাট ১,২৬,৩০৪/- আয়কর ৫০,৫২২/- সর্বমোট বিল ১৬,৮৪,০৪৪/- টাকা মাত্র সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭. | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করার জন্য সতর্ক থাকার অনুরোধ করেন। ১ম পর্যায়ের টিআর, কাবিখা কার্যক্রম শেষ পর্যায়ে, ৫টি বীর নিবাস কাজ চলমান রয়েছে। ভূমিহীনদের ঘর | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>▫ চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | নির্মাণের কাজ চলমান রয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে জানান। | | |
| ৮. | <u>সমাজসেবা অধিদপ্তর, ভৈরব</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯. | <u>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর</u><br><u>উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ১ম থেকে ৫ম শ্রেণীর সকল ছাত্র-ছাত্রী আসবে। ছাত্র-ছাত্রীগণ গণস্বাস্থ্য বিধি মেনে প্রতিদিন বিদ্যালয়ে আসেন। তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ছাত্র-ছাত্রীগণ স্বাস্থ্যবিধি মেনে প্রতিদিন বিদ্যালয়ে শ্রেণী প্রবেশ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ▫ উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>▫ সংশ্লিষ্ট সকল |
| ১০. | <u>মহিলা বিষয়ক অধিদপ্তর, ভৈরব</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সন্ত্রাস ও জঙ্গীবাদ নিরোধ, মাদকাসক্তি নিরোধ, নারী নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>▫ চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১১. | <u>যুব উন্নয়ন অধিদপ্তর, ভৈরব</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ০৮ জন যুব ও যুব মহিলাদের মাঝে ৩,৬০,০০০/- টাকা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ২৩ জন যুব ও যুব মহিলাদের মাঝে সর্বমোট ৭,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,৬৭,২২,৫০০/- টাকা ১১৯২ জনে মধ্যে বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮৫.৮১%। ভৈরব উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে ২৪০ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | <u>স্থানীয় সরকার বিভাগ</u><br>(খ) <u>জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ভৈরব</u><br>উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, হাওর উন্নয়ন প্রকল্প গজারিয়া, সাদেকপুর, শ্রীনগর, আগনগর মোট ৯টি কমিউনিটি ল্যাট্রিন বরাদ্দ আছে। নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের ১৮২টি টিউবওয়েল এর মধ্যে ১৬০টি টিউবওয়েলের সাইট সিলেকশন হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের ১৮২টি টিউবওয়েল এর মধ্যে ৫০% সাইট সিলেকশন হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের সাইট সিলেকশন এখন পর্যন্ত হয়নি। দ্রুত সাইট সিলেকশনের প্রস্তাব রাখেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>▫ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | <u>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,</u><br><u>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ভৈরব</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, মূল কর্মসূচির সাথে অন্যান্য প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২২৪.৯৯ লক্ষ টাকা। ঋণ বিরতণ করা হয়েছে ৮০.৩৯ লক্ষ টাকা। আদায়ের | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা ৩৬%। করোনা সংক্রমণের জন্য ঋণ বিরতণ ও আদায় ব্যাপারে চেয়ারম্যান ইউপি সকল ও উপজেলা নির্বাহী অফিসার-এর সহযোগিতা কামনা করেন।<br>একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষমাত্রা ৬.৫০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৯৮.০০ লক্ষ টাকা। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৬.৫০ লক্ষ টাকা বিতরণের হার ১৫%। আদায় হার ৬২% লক্ষ টাকা।<br>পল্লী জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়) আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণ করা হয় ৫.৪০ লক্ষ টাকা। ঋণ আদায় করা হয় ৫.৩৯ লক্ষ টাকা।<br>এছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | | ▫ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার<br>▫ ব্যবস্থাপক পল্লী জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়) |
| ১৪. | উপজেলা বন বিভাগ, ফরেস্টার-এর কার্যালয়, ভৈরব<br>ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র জানান যে, বিনামূল্যে বিতরণের জন্য ২৫০০টি চারা বিতরণ সম্পন্ন হয়েছে। বিতরণ পরবর্তী ১৩০০টি চারা রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ৫০০০টি চারা উত্তোলন করা হবে। সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বৃক্ষ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য কাটার ব্যাপারে প্রয়োজনীয় বিধি বিধান উপস্থাপনের জন্য ফরেস্টারকে অনুরোধ করা হলো। | সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বৃক্ষ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য কাটার ব্যাপারে প্রয়োজনীয় বিধি বিধান উপস্থাপনের জন্য ফরেস্টারকে পুনরায় অনুরোধ করা হয়। | ▫ ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, ৫০তম জাতীয় শীতকালীন খেলাধুলা সফলভাবে সম্পন্ন হয়েছে। ১২-১৭ বছর বয়সের শিক্ষার্থীদের ২য় ডোজ টিকা চলমান রয়েছে। তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ, উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। সমবায় বাজার নীতিমালা অনুযায়ী সমবায় বাজার স্থাপনের আলোচনা করেন। নবীপুর আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় ১,৬০০/- ও সিদ্দিরচর আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় ৭,২৫০/- টাকা মাত্র। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, গ্রামীণ সুবিধা বঞ্চিত নারীদের নিয়ে কাজ করা হয়। তথ্য প্রযুক্তির মাধ্যমে গ্রামীণ নারীদের দৈনন্দিন সমস্যা সমাধান করা। এই ব্যাপারে আমরা সরকারি বিভিন্ন কার্যালয়ের সহায়তা নিয়ে থাকি। কোভিড- ১৯ করোনা ভাইরাসের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে ডোর টু ডোর এবং উঠান বৈঠক সেবা চলছে। | তথ্যসেবা কেন্দ্রে গ্রামীণ সুবিধা বঞ্চিত নারীদের তথ্য প্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানসহ অন্যান্য সুবিধা প্রদান করা হয়। | ▫ উপজেলা নির্বাহী অফিসার<br>▫ তথ্যসেবা কর্মকর্তা<br>▫ চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১৮. | ভৈরব পৌরসভা, ভৈরব<br>ভৈরব পৌরসভার মেয়র বলেন, তাঁর পৌরসভার কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব |
| ১৯. | ইউনিয়ন পরিষদ, আগানগর<br>চেয়ারম্যান, আগানগর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত | ▫ চেয়ারম্যান ও সচিব, আগানগর |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | যথাযথভাবে চলছে। | রাখতে হবে। | ইউনিয়ন পরিষদ |
| ২০. | ইউনিয়ন পরিষদ, কালিকাপ্রসাদ<br>চেয়ারম্যান, কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ |
| ২১. | ইউনিয়ন পরিষদ, গজারিয়া<br>চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, গজারিয়া ইউনিয়ন পরিষদ |
| ২২. | ইউনিয়ন পরিষদ, শিবপুর<br>চেয়ারম্যান, শিবপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, শিবপুর ইউনিয়ন পরিষদ |
| ২৩. | ইউনিয়ন পরিষদ, শিমুলকান্দি<br>চেয়ারম্যান, শিমুলকান্দি ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব শিমুলকান্দি ইউনিয়ন পরিষদ |
| ২৪. | ইউনিয়ন পরিষদ, শ্রীনগর<br>চেয়ারম্যান, শ্রীনগর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নে কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, শ্রীনগর ইউনিয়ন পরিষদ |
| ২৫. | ইউনিয়ন পরিষদ, সাদেকপুর<br>চেয়ারম্যান, সাদেকপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, সাদেকপুর ইউনিয়ন পরিষদ |
| ২৬. | পরিষদের দৈনন্দিন ব্যয় অনুমোদন<br>গত ০১-৩১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত রাজস্ব তহবিলের ব্যয় সংক্রান্ত নিম্নোক্ত হিসাব বিবরণী উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব সভায় পেশ করেন।<br>১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর সম্মানী ভাতা (মার্চ ২০২২ মাস) — ৪৫,০০০<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর ভ্রমণ ভাতা (মার্চ ২০২২ মাস) — ৭,৫০০<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর সম্মানী ভাতা (মার্চ ২০২২ মাস) — ২৭,০০০<br>৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভৈরব এর সম্মানী ভাতা (মার্চ ২০২২ মাস) — ২৭,০০০<br>৫. উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর দৈনিক হাজিরার মজুরি প্রদান (মার্চ ২০২২ মাস) — ৩৪,১০০<br>৬. উপজেলা পরিষদের আপ্যায়ন (মার্চ ২০২২ মাস) — ২৯,৯৯০<br>৭. উপজেলা পরিষদের আনুষাঙ্গিক ও জেনারেটরের তেলের বিল (মার্চ ২০২২ মাস) — ৯,৯৯০ | সর্বসম্মতিক্রমে প্রয়োজনীয়, যুক্তিসংগত ও বিধি মোতাবেক প্রতিপন্ন হওয়ায় বর্ণিত ব্যয় অনুমোদন করা হয়। | ▫ উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব |

| ক্রমিক | আলোচনা | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮. | ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার মাসিক ব্যয় বিল (মার্চ ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ৯. | বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্ন বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (মার্চ ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ১০. | নিরাপত্তা খাত (আনসার) বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (মার্চ ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ১১. | সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিদ্যুতের ডাবল লাইনের ইলেকট্রিক অটো মেশিন স্থাপন কাজকরণ | ২২,৩৭৫ | | |
| ১২. | সুস্মিতা ভবনের ২টি সেফটি ট্যাংকি পরিস্কারকরণ | ২২,১৯৬ | | |
| | ঐ কাজের বিল হতে ৩% আয়কর কর্তন | ১,৪৯৪ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৩,৭৩৫ | | |
| ১৩. | উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তেলের মার্চ ২০২২ মাসের বিল | ১৩,১২৫ | | |
| | ঐ কাজের বিল হতে ৫% ভ্যাট কর্তন | ৬৫৬ | | |
| ১৪. | ১৪২৯ বাংলা সনে হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল | ৩২,২৫৬ | | |
| | ঐ কাজের বিল হতে ৪% আয়কর কর্তন | ১,৩৪৪ | | |
| | ঐ কাজের বিল হতে ১৫% ভ্যাট কর্তন | ৫,০৪০ | | |
| ১৫. | ১৪২৯ বাংলা সনে ফেরিঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল | ২৫,৩৪৪ | | |
| | ঐ কাজের বিল হতে ৪% আয়কর কর্তন | ১,০৫৬ | | |
| | ঐ কাজের বিল হতে ১৫% ভ্যাট কর্তন | ৩,৯৬০ | | |
| ১৬. | ভৈরব ভবনের ইলেট্রিক কাজের বিল | ২২,৩২১ | | |
| ১৭. | সমবায় অফিসের ইলেকট্রিক কাজের বিল | ২১,৮৪৭ | | |
| | ঐ কাজের বিল হতে ৩% আয়কর কর্তন | ১,৪৮০ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৩,৭০২ | | |
| ১৮. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে মুজিব বর্ষ উপলক্ষে ঘর নির্মাণের আগানগর ইউপি'র জগমোহনপুরে সাইড ওয়াল ও মাটি ভরাট | ১,৭৯,০০০ | | |
| | ঐ কাজের বিল হতে ৩% আয়কর কর্তন | ৬,০০০ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ১৫,০০০ | | |
| ১৯. | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অপ্রত্যাশিত খাত হতে শহীদ মিনার মেরামতকরণ ও রংকরণ, বাউন্ডারী ওয়াল আংশিক রংকরণ, অনুভবে অনুক্ষণ মুক্তমঞ্চ রংকরণ | ১,৪৭,৯৮৮ | | |
| | ঐ কাজের বিল হতে ৩% আয়কর কর্তন | ৪,৯৬১ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ১২,৪০১ | | |
| ২০. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর সম্মানী ভাতা (এপ্রিল ২০২২ মাস) | ৪৫,০০০ | | |
| ২১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর ভ্রমণ ভাতা (এপ্রিল ২০২২ মাস) | ৭,৫০০ | | |
| ২২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর সম্মানী ভাতা (এপ্রিল ২০২২ মাস) | ২৭,০০০ | | |
| ২৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর জানুয়ারী-মার্চ-২২ পর্যন্ত ০৩ মাসের ভ্রমণ ভাতা প্রদান | ১৮,০০০ | | |
| ২৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভৈরব এর সম্মানী ভাতা (এপ্রিল ২০২২ মাস) | ২৭,০০০ | | |
| ২৫. | মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর ডিসেম্বর-২১-ফেব্রুয়ারী-২২ ০৩ মাসের ভ্রমণ ভাতা | ১৮,০০০ | | |
| ২৬. | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর দৈনিক হাজিরার মজুরি প্রদান (এপ্রিল ২০২২ মাস) | ৩৩,০০০ | | |

| ক্রমিক | আলোচনা | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৭. | উপজেলা পরিষদের আপ্যায়ন (এপ্রিল ২০২২ মাস) | ২৯,৯৯০ | | |
| ২৮. | উপজেলা পরিষদের আনুষাঙ্গিক ও জেনারেটরের তেলের বিল (এপ্রিল ২০২২ মাস) | ৯,৯৯০ | | |
| ২৯. | ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার মাসিক ব্যয় বিল (এপ্রিল ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ৩০. | বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্ন বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (এপ্রিল ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ৩১. | নিরাপত্তা খাত (আনসার) বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (এপ্রিল ২০২২ মাস) | ৮,০০০ | | |
| ৩২. | উপজেলা পরিষদ কমপ্লেক্সের ২টি পুকুর পরিস্কারকরণ বিল | ২২,৩৭৫ | | |
| ৩৩. | উপজেলা পরিষদের কমপ্লেক্সে পরিস্কার পরিস্কারকরণ বিল | ২২,২৫৯ | | |
| ৩৪. | উপজেলা পরিষদের কমপ্লেক্সে আনসারদের ২টি সেপটি ট্যাংকি পরিস্কারকরণ | ২২,১৯৬ | | |
| ৩৫. | ঐ কাজের বিল হতে ৩% আয়কর কর্তন | ২,২৪০ | | |
| ৩৬. | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৫,৬০০ | | |
| ২৭. | <u>উপজেলা পরিষদ কমপ্লেক্স ব্যানার ও পোস্টার মুক্ত রাখা</u><br>দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ এর ৩ ধারা অনুসারে উপজেলা পরিষদ কমপ্লেক্স ও এর আওতাধীন জায়গায় পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন নিষিদ্ধ ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমপ্লেক্সটি ব্যানার ও পোস্টারমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | | উপজেলা পরিষদ কমপ্লেক্সে পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন মুক্ত রাখা হবে। | ▫ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮. | <u>বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ</u><br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তরের নিকট বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পচিশ লক্ষ টাকারও বেশি বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গ্রাহকের নিকট হতে প্রাপ্ত অর্থ দিয়ে তাদের কার্যক্রম পরিচালনা করে। সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার স্বার্থে স্ব-স্ব দপ্তরকে তাদের বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | | স্ব-স্ব দপ্তর তাদের নিকট প্রাপ্য বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে। | ▫ স্ব-স্ব দপ্তর প্রধান |
| ২৯. | <u>বকেয়া গ্যাস বিল পরিশোধ</u><br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি আবাসিক কোয়ার্টারের নিকট গ্যাস বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে। | ▫ উপজেলা প্রকৌশলী<br>▫ সহকারী প্রকৌশলী, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কো. লি., জোবিঅ-ভৈরব |

৩১/৫/২২

মো: সায়দুল্লাহ মিয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ

পত্র সংখ্যা: ০৫.৪১.৪৮১১.০০০.০৮.০৫০.০৫- ৬৮৪

তারিখ : ৩১ মে ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় সংসদ সদস্য, ১৬৭, কিশোরগঞ্জ-৬, বাংলাদেশ জাতীয় সংসদ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ সাধারণ সভা, ভৈরব, কিশোরগঞ্জ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কমিশনারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৭. মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব, কিশোরগঞ্জ।
৮. ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৯. উপজেলা .................................................................................. কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
১০. চেয়ারম্যান, সাদেকপুর/ আগানগর/ শিমুলকান্দি/ গজারিয়া/ কালিকাপ্রসাদ/ শিবপুর/ শ্রীনগর ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
১১. জনাব ..............................................................................................................................................।
১২. অফিস কপি।

৩১.০৫.২২

মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ
উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ